

তোমার পতাকা যারে দাও

মাহমুদা রুণু

সঙ্কট আসছে একে একে নির্জলা সত্যে
সমন্বিত, নষ্ট মানবের ইঙ্গিতে;
বিকৃত বৈকল্যে স্পষ্ট, বিচিত্র
দানবীয় ভঙ্গিতে ।
পরিকল্পিত ফাঁদ গাথা হোয়েছে
জালের মতো সহজ বুননে ;
কঠিন ষড়যন্ত্রের মন্ত্রনা গাঢ় কালোরূপে
পলিমাটির পেলব মননে ।
ঘন কালো মেঘে আকাশটাকে ঢেকে
দিচ্ছে, দুঃসপ্নেরা ঝাকে ঝাকে
বাস্তবের আবিশ্বাস্য বিস্ফোরনে সত্য —
মানবতার বাকে বাকে ।

এই পলিমাটির মানুষ আশার সূর্য তেজে
দিয়েছে ভরসার পতাকা ‘গণতন্ত্র’ ;
সেই প্রদীপ্ত সূর্যকে কালো মেঘ ঢাকতে পারে
কোন সৃষ্টিতে নেই সে মন্ত্র ।

ওহে মানুষ, পলিমাটির রক্তভূমিতে
অপবিত্র মানবরূপি দানবে দিওনা
একরত্তি ধান,
রুখে দাড়াও মানুষ, শোকের শানিত তরবারী
তুলে ধরো উর্ধ্বে, নষ্ট গডডালিকায় নিওনা
৩০ লক্ষ জীবনের সম্মান ।

এখন শুধু জেগে থাকার কাল ।
এখন শুধু শঙ্কার কাল ।
এখন ষড়যন্ত্রের জাল কাটতে শানিত বিবেকের
জেগে থাকার সময় ।
গণতন্ত্রের পতাকা ধারীকে জনতন্ত্রের শক্তি
এখনি দেবার সময় ।

হে বিধাতা, তোমার পতাকা যারে দাও
তারে শক্তি দাও শক্তি দাও শক্তি দাও ।

১৭ মার্চ ২০০৯